গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, হবিগঞ্জ
জে, এম শাখা
www.habiganj.gov.bd

## হবিগঞ্জ জেলা আইন শৃঙ্খলা কমিটির ফেব্রুয়ারি/২০১৯ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মাহমুদুল কবীর মুরাদ
জেলা ম্যাজিস্ট্রেট
হবিগঞ্জ।

সভার তারিখঃ ১০ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিঃ সময়ঃ সকালঃ ১০:০০ ঘটিকা

সভার স্থানঃ জেলা প্রশাসন সম্মেলন কক্ষ।

উপস্থিতিঃ পরিশিষ্ট- ক

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। হবিগঞ্জ-লাখাই-শায়েস্তাগঞ্জ এলাকার ২৪১ হবিগঞ্জ-৩ এর নবনির্বাচিত মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব এডভোকেট মোঃ আবু জাহিরকে অভিনন্দন জানানো হয়। বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ বলেন, এ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। এসএসসি ও সমমান পরীক্ষা/২০১৯ সুশৃঙ্খল ভাবে চলছে এবং পরীক্ষা চলাকালীন কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। আগামী ১০ মার্চ ২০১৯ তারিখ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচনের প্রস্তুতি চলছে। আশা করা যায় জাতীয় সংসদ নির্বাচনের মতো উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০১৯ অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে সংঘটিত হবে।

২। উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল বলেন, এ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। গত মাসের জেলা আইন শৃঙ্খলা কমিটির ০৫ নং সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা-সিলেট মহাসড়কে দুর্ঘটনা রোধে বাহুবল উপজেলা প্রশাসন ও বিআরটিএ এর যৌথ উদ্যোগে একটি জনসচেতনতামূলক সভা করা হয়েছে এবং উক্ত সভায় প্রচুর জনসমাগম ছিল। আগামী ১০ মার্চ ২০১৯ তারিখ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচনের প্রস্তুতি চলছে।

৩। উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং বলেন, এ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। কয়েক দিনের মধ্যে বেশ কয়েকটি গ্রাম্য দাঙ্গা সংঘটিত হয়েছে এবং দাঙ্গায় এক ব্যক্তি খুন হয়েছে। বানিয়াচং সদরে পঞ্চায়েত প্রথাকে ঘিরে দাঙ্গার উৎপত্তি। দাঙ্গা নিরসনের জন্য এই পঞ্চায়েত প্রথা বাতিল করা অতীব জরুরি। দাঙ্গা প্রতিরোধে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। আগামী ১০ মার্চ ২০১৯ তারিখ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচনের প্রস্তুতি অব্যাহত আছে।

৪। উপজেলা নির্বাহী অফিসার, শায়েস্তাগঞ্জ বলেন, এ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। জেলা আইন শৃঙ্খলা কমিটি এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটির আলোচনার ধারাবাহিকতায় শায়েস্তাগঞ্জ গোলচত্বরের অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে এবং সড়ক বিভাগের ভূমি চিহ্নিত করে দেয়া হয়েছে।

৫। উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট বলেন, এ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। এ উপজেলার সাতছড়ি জাতীয় উদ্যানটি দর্শনার্থীদের জন্য নিরাপদ নয়। প্রায়ই উদ্যানে আসা দর্শনার্থীরা ডাকাতের কবলে পড়ছে। উক্ত এলাকায় ট্যুরিস্ট পুলিশ ইউনিট গঠন করা যেতে পারে। আগামী ১০ মার্চ ২০১৯ তারিখ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচনের প্রস্তুতি চলছে। নির্দেশনা মোতাবেক প্রস্তুতিমূলক কার্যক্রম অব্যাহত আছে।

চলমান-২/

৬। উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর বলেন, এ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। আগামী ১০ মার্চ ২০১৯ তারিখ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচনের প্রস্তুতি চলছে।

৭। উপজেলা নির্বাহী অফিসার, আজমিরীগঞ্জ বলেন, এ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। তবে এ উপজেলায় প্রায়ই কোন না কোন এলাকায় চুরি এবং ডাকাতি সংঘটিত হচ্ছে। এ ব্যাপারে পুলিশি কার্যক্রম অব্যাহত রাখার জন্য পুলিশ বিভাগকে অনুরোধ জানান।

৮। মেয়র, মাধবপুর পৌরসভা এর পক্ষে প্যানেল মেয়র বলেন, এ পৌরসভার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক। সম্প্রতি মাধবপুর পৌরসভার অভ্যন্তরে বাসা বাড়িতে ডাকাতি হচ্ছে। শিয়ালউড়ি ব্রিজের কাছে প্রায়ই ডাকাতি সংঘটিত হয়। এ বিষয়ে নজর দেয়ার জন্য পুলিশ বিভাগকে অনুরোধ জানানো হয়।

৯। সভাপতি, হবিগঞ্জ প্রেসক্লাব, হবিগঞ্জ সভায় নবনির্বাচিত মাননীয় সংসদ সদস্য এডভোকেট মোঃ আবু জাহিরকে শুভেচ্ছা জানান। তিনি বলেন, জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। বানিয়াচং উপজেলার একটি গ্রামে ওয়াজ মাহফিলের চাঁদা নেয়াকে কেন্দ্র করে একজন লোক খুন হয়েছে যা অত্যন্ত মর্মান্তিক। ওয়াজ বা মাহফিলের চাঁদা যেন কারো উপর চাপিয়ে দেয়া না হয় এ বিষয়টি প্রশাসন থেকে দেখার জন্য অনুরোধ জানান। জেলা প্রশাসন থেকে যে সব সরকারি বা সংস্থার ভূমিতে অবৈধ দখলদার এবং স্থাপনা উচ্ছেদ করা হয়েছে তা যেন অটুট থাকে এ ব্যাপারে অনুরোধ জানান।

১০। অতিরিক্ত পুলিশ সুপার, মাধবপুর সার্কেল, হবিগঞ্জ বলেন, এ সার্কেলের আওতাধীন জাতীয় সংসদ নির্বাচনোত্তর পরিস্থিতি এখন পর্যন্ত শান্ত আছে। অপরাধ দমনে পুলিশি কার্যক্রম অব্যাহত আছে। রঘুনন্দন পাহাড়ে অজ্ঞাত মহিলার লাশ সনাক্ত করা হয়েছে এবং এ ঘটনায় মূল আসামীকে সনাক্ত করে তাকে আইনের আওতায় নিয়ে গ্রেফতার করা হয়েছে।

১১। অতিরিক্ত পুলিশ সুপার, বানিয়াচং সার্কেল, হবিগঞ্জ বলেন, জেলার ভাটি এলাকায় দাঙ্গা নিয়ে পুলিশ বিভাগ কাজ করে যাচ্ছে। পুলিশ বিভাগের পক্ষ থেকে কোন গাফিলতি হচ্ছে না। বানিয়াচং সদরে পঞ্চায়েত সর্দারকে ঘিরে প্রায়ই দাঙ্গার উৎপত্তি হয়। এ পঞ্চায়েত প্রথাই দাঙ্গার মূল কারণ। জুম্মার নামাজের পর এবং আসরের নামাজের পর ওয়াজ মাহফিলের চাঁদাকে কেন্দ্র করে দাঙ্গা সংঘটিত হয়েছে। যার ফলে একজন লোক খুন হয়েছে। এ ব্যাপারে পুলিশ বিভাগের কার্যক্রম অব্যাহত আছে।

১২। অতিরিক্ত পুলিশ সুপার, বাহুবল সার্কেল, হবিগঞ্জ বলেন, দাঙ্গা রোধে কার্যকর পদক্ষেপ নেয়া হচ্ছে তবে এ ব্যাপারে জনপ্রতিনিধিদের সহযোগিতা করতে হবে। অলিপুরে মহাসড়কে অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। বাহুবল উপজেলায় মহাসড়কে ইংল্যান্ড ফেরত জনৈক প্রবাসীর ডাকাতির মালামাল এবং চোরাই ভাবে বিক্রয় করা বিনামুল্যে বিতরণের বই পুলিশ কর্তৃক উদ্ধার করা হয়েছে।

১৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিস, হবিগঞ্জ বলেন, জানুয়ারি/২০১৯ মাসে মাদকের বিরুদ্ধে ৪৫ টি অভিযান পরিচালনা করা হয়েছে ও ০৯টি মামলা দায়ের করা হয়েছে। ০৮ কেজি গাঁজা, ৫০ পিস ইয়াবা, ১৫ বোতল ফেনসিডিল ও ১১০ লিটার চোলাই মদ আটক করা হয়েছে যার আনুমানিক মূল্য ১,৪৩,০০০/- টাকা। মাদক বিরোধী অভিযান অব্যাহত আছে।

১৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার, হবিগঞ্জ বলেন, সদর উপজেলার ধুলিয়াখাল-মিরপুর রাস্তা মেরামত চলছে। আগামী ০২ মাসের মধ্যে উক্ত রাস্তার মেরামত কাজ সম্পন্ন করা হবে। তাছাড়া অন্যান্য সড়কের কাজও চলমান আছে।

১৫। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, হবিগঞ্জ বলেন, খোয়াই নদীর বাঁধ মেরামতের উপর বরাদ্দ পাওয়া গেছে। হবিগঞ্জ শহরের মাছুলীয়া ও চক্রামপুরে কাজ চলছে। তিনি বলেন, হবিগঞ্জ পানি উন্নয়ন বোর্ডের আবাসিক এলাকার মেইন রোডের সামনে ইট, বালি ও সুড়কি ফেলে রাখার ফলে চলাচলের অসুবিধা হচ্ছে। ঠিকাদারী প্রতিষ্ঠানকে অনুরোধ করা সত্ত্বেও তা সরানো হচ্ছে না। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনের প্রতি অনুরোধ জানান।

১৬। সিভিল সার্জন, হবিগঞ্জ বলেন, জেলা সদরের আধুনিক হাসপাতালকে দালালমুক্ত করার কার্যক্রম অব্যাহত আছে। জেলার প্রতিটি ডায়াগনষ্টিক সেন্টার ও ক্লিনিককে স্বাস্থ্য বিভাগের নতুন নীতিমালা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়েছে। তাছাড়া ডায়াগনষ্টিক ও ক্লিনিক এসোসিয়েশনদের সাথে এ ব্যাপারে সভা করা হবে। জেলা সদরসহ উপজেলার প্রতিটি হাসপাতালে দেশীয় ঔষধ ব্যবহার করা হচ্ছে এবং বিদেশী ঔষধ বর্জন করা হচ্ছে।

চলমান-৩/

১৭। জনাব শহীদ উদ্দিন চৌধুরী, সাবেক পৌরচেয়ারম্যান, হবিগঞ্জ সড়ক বিভাগের অবৈধ দখলদার এবং অবৈধ স্থাপনা উচ্ছেদের জন্য সড়ক বিভাগ ও প্রশাসনকে সভায় ধন্যবাদ জানান। উদ্ধারকৃত ভূমি যথাযথ সংরক্ষণ এবং পরিকল্পিতভাবে উদ্ধার পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ জানান। তিনি বলেন, হবিগঞ্জ শহরের মেইন রোডে রাস্তার দুপাশে ড্রেইন না থাকায় বর্ষার পানিতে রাস্তা দিন দিন নষ্ট হতে চলেছে। যে সব ছোটখাট ড্রেন আছে তা মাটিতে ভরে গেছে। অনেকে আবার ড্রেনের উপর দোকানপাট গড়ে তুলেছে। শহরে আবারও টমটমের আধিক্য পরিলক্ষিত হচ্ছে। ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেয়ার জন্য পৌর কর্তৃপক্ষকে অনুরোধ জানান। শহরকে পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হলে পৌর কর্তৃপক্ষকে সকলে একযোগে সহযোগিতা করতে হবে বলে উল্লেখ করেন। হবিগঞ্জ পৌরসভার বিগত ০৫(পাঁচ) বছরের উন্নয়নের বিষয়ে একটি শ্বেতপত্র জনগণ দেখতে চায়। জেলার সড়ক এবং মহাসড়কে রেইনকাট না থাকায় রাস্তা বিনষ্ট হয়ে যায়। সড়ককে টেকসই রাখতে হলে রেইনকাট দেয়া আবশ্যক। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সড়ক বিভাগকে অনুরোধ জানান। জেলায় দাঙ্গা রোধে পুর্ব থেকেই পুলিশ বিভাগ মোটিভেশন করলে দাঙ্গা হবে না মর্মে উল্লেখ করেন।

১৮। অধিনায়ক, ৫৫ বিজিবি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার বলেন, জেলার সীমান্ত এলাকার পরিস্থিতি ভাল। রোহিঙ্গারা যেন হবিগঞ্জ জেলার সীমান্ত প্রবেশ পথ হিসেবে ব্যবহার করতে না পারে এ ব্যাপারে নজর রাখা হচ্ছে। তিনি বলেন, হবিগঞ্জ শহরের দক্ষিণে ধুলিয়াখাল গ্রামের পশ্চিমে বিজিবি এর ক্যাম্প স্থাপন করা হচ্ছে। ক্যাম্প এর পাশে দুর্ঘটনা এড়াতে সড়ক বিভাগ কর্তৃক গোলচত্বর তৈরী করা আবশ্যক। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সড়ক বিভাগ, হবিগঞ্জকে অনুরোধ জানান। তিনি আরও বলেন, বাহবল উপজেলার মিরপুর থেকে শ্রীমঙ্গল রোডে অনেকাংশ নষ্ট হয়ে গেছে। তা মেরামত করার জন্য অনুরোধ জানান। একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ন্যায় আগামী ১০ মার্চ ২০১৯ তারিখ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচনে বিজিবি নিয়োজিত থাকবে বলে উল্লেখ করেন।

১৯। পুলিশ সুপার, হবিগঞ্জ সভায় নবনির্বাচিত সংসদ সদস্য এডভোকেট মোঃ আবু জাহির মহোদয়কে স্বাগত জানান। তিনি বলেন, প্রতি মাসেই পুলিশ বিভাগের মাসিক সভায় জঙ্গিবাদ নির্মূল, মাদক প্রতিরোধ ও সন্ত্রাসী কার্যক্রম রোধে ব্রিফিং করা হয়। জেলার প্রতিটি ইউনিয়নের সম্মানিত চেয়ারম্যানগণ যদি আইন শৃঙ্খলা রক্ষায় কার্যকর ভূমিকা নেন তা হলে জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকবে। ''পুলিশই জনতা, জনতাই পুলিশ'' এ শ্লোগানকে সামনে রেখে পুলিশ বিভাগ কাজ করে যাচ্ছে। থানা পর্যায়ে এলাকাওয়ারি বিরোধপূর্ণ সমস্যাগুলো চিহ্নিত করে ব্যবস্থা নেয়ার জন্য প্রতিটি থানার অফিসার ইনচার্জকে নির্দেশনা প্রদান করা হয়েছে। দুর্ঘটনা রোধে শহরে টমটমের যাত্রীদেরকে ডানদিকে না নামানোর প্রয়োজনীয় দিক নির্দেশনা দেয়ার জন্য পৌরকর্তৃপক্ষকে অনুরোধ জানান। এ ব্যাপারে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করার বিষয়ে মতামত প্রদান করেন।

২০। হবিগঞ্জ-লাখাই-শায়েস্তাগঞ্জ নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব এডভোকেট মোঃ আবু জাহির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও একাদশ জাতীয় সংসদ নির্বাচনোত্তর কৃতজ্ঞতা জানান। পুলিশ সেবা সপ্তাহ/২০১৯ এ হবিগঞ্জ জেলার পুলিশ সুপার পিপিএম (সেবা) পুরস্কার পাওয়ার জন্য এ সভায় অভিনন্দন জানান। তিনি আরও বলেন যে, বিগত দিন গুলোতে সব বিরোধী দলীয় নেতৃবৃন্দও স্বীকার করেছেন যে, জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি পুর্বের তুলনায় এখন সন্তোষজনক অবস্থানে আছে।। সারা দেশে ৩১টি জেলার মধ্যে হবিগঞ্জ জেলায় মেডিক্যাল কলেজ স্থাপন করা হয়েছে। উক্ত কলেজকে আরও একধাপ এগিয়ে নেয়ার জন্য কার্যক্রম অব্যাহত আছে বলে সভায় জানান। জেলায় খেলাধুলার জন্য স্থাপিত আধুনিক স্টেডিয়ামের পাশে পৌরসভার ময়লার ভাগাড়টি নির্ধারিত স্থানে স্থানান্তর করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য অনুরোধ জানান। জেলায় মাদক রোধে শক্ত অবস্থান গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। রাতে সরকারি অফিসের কোন করিডোরে যাতে মাদকসেবীদের প্রশ্রয় দেয়া না হয় এ ব্যাপারে নাইট গার্ডগুলোকে সচেতন থাকার জন্য বিভাগীয় প্রধানগণকে নির্দেশ দেয়ার অনুরোধ জানান। তিনি আরও বলেন, এ জেলায় উচ্চ শিক্ষিত বেকারত্বের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। পরিকল্পিতভাবে উদ্যোগ নিলে বেকারত্ব ঘুচবে বলে আশা করা যায়। সমাজের উন্নয়নের স্বার্থে বেকার যুবকদের কর্ম সংস্থানের জন্য জেলার বিভিন্ন কোম্পানীর মালিকদেরকে নিয়ে সভা করার আয়োজন করা যেতে পারে। স্থানীয়ভাবে এখনই উদ্যোগ নেয়ার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। জেলা সদরে ডায়াগনষ্টিক সেন্টার ও ক্লিনিক ব্যবসার কারণে দিন দিন যানজট বেড়েই চলেছে। শহরের যানজটমুক্ত করতে উক্ত ডায়াগনষ্টিক সেন্টার ও ক্লিনিকগুলোকে আধুনিক স্টেডিয়াম মার্কেটে স্থানান্তরের উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতিকে অনুরোধ জানান। সরকারি

চলমান-৪/

এবং বেসরকারি সংস্থার ভূমি থেকে অবৈধ দখলদার ও স্থাপনা উচ্ছেদ প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য জেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে অনুরোধ জানান। হবিগঞ্জ পৌরসভা থেকে জনগণ সেবা পাচ্ছে না মর্মে অভিযোগ আসছে। আধুনিক স্টেডিয়াম এবং জেলা আনসার ও গ্রামপ্রতিরক্ষা বাহিনীর অফিস ঘিরে পৌরসভার ময়লার দুর্গন্ধে আচ্ছন্ন। উক্ত ময়লা আরও দক্ষিণ দিকে সরিয়ে ফেলার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। হবিগঞ্জ পৌরসভায় আরও ৩০০টি টমটম চালানোর অনুমতি চেয়ে আবেদন জানিয়েছে। পুর্বের দেয়া ১২০০ টি টমটম বিষয়ে নিশ্চিত করা হলে আরও ৩০০টির অনুমতি প্রদানের বিবেচনা করা যেতে পারে। হবিগঞ্জ পৌরসভার দুটি ড্রেন নির্মাণের কার্যক্রম দ্রুত গতিতে সম্পন্ন করার জন্য পৌরকর্তৃপক্ষকে অনুরোধ জানান। হবিগঞ্জ এর মানুষ স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে এবং স্থানীয় পত্রপত্রিকায় আধুনকি সদর হাসপাতালে দালালদের উৎপাত বেড়েছে মর্মে খবর আসছে। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য বিভাগকে অনুরোধ জানান। হবিগঞ্জ-শায়েস্তাগঞ্জ রোডে দুর্ঘটনা রোধে ধুলিয়াখালে ০২টি, পাইকপাড়ায় ০১টি ও কলিমনগরে ০১টি গোলচত্বর জরুরি ভিত্তিতে করার জন্য সড়ক বিভাগকে অনুরোধ জানান। নতুন সরকারের নেতৃত্বে আগামী ১০ মার্চ ২০১৯ খ্রিঃ তারিখ ১ম ধাপে হবিগঞ্জ জেলায় উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনকে সাফল্যমন্ডিত করে তোলার জন্য সকলকে আহবান জানান।

২১। জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ সভায় উপস্থিত নবনির্বাচিত সংসদ সদস্য আলহাজ্ব এডভোকেট মোঃ আবু জাহির মহোদয়সহ সকলকে স্বাগত জানান এবং পুলিশ সেবা সপ্তাহ/২০১৯ উপলক্ষে পুলিশ সুপার, হবিগঞ্জ পিপিএম(সেবা) পুরস্কারে ভূষিত হওয়ায় জেলা প্রশাসন থেকে অভিনন্দন জানান। শহরে সামান্য পরিমাণে বৃষ্টি হওয়াতেই জলাবদ্ধতা দেখা দিচ্ছে। অবিলম্বে জলাবদ্ধতা নিরসন এবং মানসম্মতভাবে কার্যক্রম গ্রহণের জন্য পৌর কর্তৃপক্ষকে অনুরোধ জানান। আধুনিক স্টেডিয়ামে ক্রিকেট খেলা চলছে। জরুরি ভিত্তিতে ময়লার স্তুপ আরও দক্ষিণ দিকে ফেলানোর জন্য অনুরোধ জানান। প্রাকৃতিক দুর্যোগ থেকে বাঁচতে শুষ্ক মৌসুমেই জেলায় বিদ্যুতের কার্যক্রম সম্পন্ন করার জন্য বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ জানান। মাদকের বিরুদ্ধে জেলাকে জিরো টলারেন্স রাখা হবে। রাতের বেলায় কোন প্রতিষ্ঠানে যাতে কোন মাদকসেবী ঢুকতে না পারে এ ব্যাপারে মাঝে মাঝে রাতে অফিস মনিটরিং করার জন্য প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ জানান। জেলায় বেকার যুবকদের কর্ম সংস্থানের জন্য শিল্পাঞ্চল জোনের প্রধানদের নিয়ে বৈঠক করা হবে। জেলা শহরে ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিকগুলোকে আধুনিক স্টেডিয়ামের মার্কেটে স্থানান্তরের বিষয়ে স্বাস্থ্য বিভাগ থেকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এ ব্যাপারে জেলা প্রশাসন থেকে সার্বিক সহযোগিতা করা হবে বলে উল্লেখ করেন। হবিগঞ্জ পৌরসভার ময়লা ফেলার স্থানের বিষয়টি স্থায়ী ভাবে নিষ্পত্তি করার জন্য পৌরকর্তৃপক্ষকে অনুরোধ জানান। এ ব্যাপারে জেলা প্রশাসন থেকে সহায়তা করা হবে। আগামী ১৪, ১৫ ও ১৬ ফেব্রুয়ারি ২০১৯ তিনদিন ব্যাপী প্রাণ লোক উৎসব ' ভাটির সুরের টানে ' স্থানীয় জালাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে। উক্ত লোকজ অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১ | খুন, ডাকাতি, গরু চুরি, জুয়া, মাদক ও নারী নির্যাতন রোধে প্রয়োজনীয় পুলিশি কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশি টহল বাড়াতে হবে। | পুলিশ সুপার, হবিগঞ্জ |
| ২ | বর্ষা মৌসুমের পুর্বে খোয়াই নদীর উভয় পাড়ের বাঁধ জরুরি ভিত্তিতে মেরামত কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, হবিগঞ্জ |
| ৩ | বর্ষা মৌসুমের পুর্বে হবিগঞ্জ পৌরসভার আওতাধীন মাটি ভরাটকৃত সকল ড্রেন জরুরি ভিত্তিতে পরিস্কার-পরিচ্ছন্ন করার জন্য এবং হবিগঞ্জ পৌরসভার সকল ময়লা-আবর্জনা আধুনিক স্টেডিয়ামের পাশ থেকে আরও একটু দক্ষিণ দিকে ফেলার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র (ভারপ্রাপ্ত) হবিগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ |
| ৪ | বর্ষা মৌসুমের পুর্বে হবিগঞ্জ সদর উপজেলার ধুলিয়াখাল-মিরপুর রোডের কাজ মানসম্মতভাবে জরুরি ভিত্তিতে সম্পন্ন করার জন্য, হবিগঞ্জ-শায়েস্তাগঞ্জ রোডে ধুলিয়াখালে ০২টি, পাইকপাড়ায় ০১টি ও কলিমনগরে | নির্বাহী প্রকৌশলী সড়ক ও জনপথ বিভাগ হবিগঞ্জ |

| | | |
|---|---|---|
| | ০১টি গোলচত্বর তৈরীর জন্য এবং বাহবল উপজেলার মিরপুর-শ্রীমঙ্গল রোডে বাহবল উপজেলার অংশ মেরামত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫ | হবিগঞ্জ জেলা শহরকে যানজটমুক্ত রাখতে ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিকগুলোকে আধুনিক স্টেডিয়াম মার্কেটে স্থানান্তরের বিষয়ে উক্ত এসোসিয়েশনের সাথে যোগাযোগপুর্বক কাযক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা প্রশাসক, হবিগঞ্জ<br>২। সিভিল সার্জন, হবিগঞ্জ |
| ৬ | জেলার বেকার যুবকদের কর্মসংস্থানের বিষয়ে জেলায় প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠানের প্রধানের সাথে যোগাযোগক্রমে প্রয়োজনীয় কাযক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) হবিগঞ্জ |
| ৭ | হবিগঞ্জ পৌরসভার ময়লা ফেলার ( বানিয়াচং উপজেলার আতুকুড়া মৌজায়) ডাম্পিং এর বিষয়টি জরুরি ভিত্তিতে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা প্রশাসক, হবিগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং<br>৩। মেয়র(ভারপ্রাপ্ত), হবিগঞ্জ পৌরসভা |
| ৮ | সড়ক দুর্ঘটনা রোধে পৌরসভায় চালু ১২০০ টমটমে ডানপার্শ্বে গ্রিল স্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পুলিশ সুপার, হবিগঞ্জ।<br>২। মেয়র (ভারপ্রাপ্ত), হবিগঞ্জ পৌরসভা |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মাহমুদুল কবীর মুরাদ )
জেলা ম্যাজিস্ট্রেট
হবিগঞ্জ।
ফোনঃ ০৮৩১-৬২১০০

স্মারক নম্বর-০৫.৪৬.৩৬০০.০২৪.০১.০০১.১৯-১২৭(৮০)

তারিখঃ ১৭ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে / কাযার্থে- ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ২৩৯ হবিগঞ্জ-১, ২৪০ হবিগঞ্জ-২, ২৪১ হবিগঞ্জ-৩ ও ২৪২ হবিগঞ্জ-৪।
৩। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ই-৭, আগারগাঁও, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৬। মাননীয় বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রীর একান্ত সচিব।
৭। পুলিশ সুপার, হবিগঞ্জ।
৮। অধিনায়ক, ৫৫ বিজিবি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৯। সিভিল সার্জন, হবিগঞ্জ।
১০। অধ্যক্ষ, বৃন্দাবন সরকারি কলেজ, হবিগঞ্জ।
১১। চেয়ারম্যান, জেলা পরিষদ, হবিগঞ্জ।
১২। উপ পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
১৩। অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, হবিগঞ্জ।
১৪। মেয়র------------------------------- (সকল )

চলমান-৬/

১৫। নির্বাহী প্রকৌশলী,-----------------------------------------

১৬। কোম্পানী কমান্ডার, র‌্যাব-৯, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

১৭। জনাব --------------------------------------------

১৮। উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল)-----------------------------------

১৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)------------------------------------

২০। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, হবিগঞ্জ।

২১। জেলা শিক্ষা অফিসার,হবিগঞ্জ।

২২। সহকারী নির্বাহী প্রকৌশলী, এইএন/কুলাউড়া, মৌলভীবাজার।

২৩। উপপরিচালক, জেলা সমাজসেবা, হবিগঞ্জ।

২৪। উপপরিচালক, এনএসআই, হবিগঞ্জ।

২৫। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, হবিগঞ্জ।

২৬। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হবিগঞ্জ।

২৭। জেল সুপার, জেলা কারাগার, হবিগঞ্জ।

২৮। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, হবিগঞ্জ।

২৯। অধ্যক্ষ, আজমিরীগঞ্জ ডিগ্রি কলেজ, হবিগঞ্জ।

৩০। -------------------------------------

জেলা ম্যাজিস্ট্রেট
হবিগঞ্জ।